

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির 'অর্থ উপ-কমিটি'র ১ম সভা অনুষ্ঠিত



ন্যূনতম পরীক্ষার ফি নেওয়ার সিদ্ধান্ত

২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষে শিক্ষার্থীদের ভর্তির জন্য সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি (GST- General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির 'অর্থ উপ-কমিটি'র ১ম সভা আজ (১৯ জানুয়ারি-২০২১, বেলা: ১২টায়) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় ট্রেজারার ও অর্থ উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এতে সভাপতিত্ব করেন।

সভায় GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষার বাজেট সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বাজেটে গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার আয়-ব্যয় সংক্রান্ত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



খাতসমূহ নির্ধারণ করা হয়। করোনা পরিস্থিতি এবং দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় শিক্ষার্থীদের ন্যূনতম পরীক্ষা ফি ধার্য করে সাতশ্রীয়া খরচে GST

গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও পরবর্তী সভায় পূর্ণাঙ্গ বাজেট প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির অর্থ উপ-কমিটির সদস্য এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আসাদুজ্জামান এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ ফারুক উদ্দিন সভায় উপস্থিত ছিলেন।

সভায় দিক নির্দেশনামূক বক্তব্য প্রদান করেন GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির যুগ্ম আহ্বায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এছাড়াও সভায় GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির অর্থ উপ-কমিটির সদস্য-সচিব এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এবারের সমন্বিত ভর্তি পরীক্ষায় ২০টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করছে।